# পাঠ্যপুস্তক সমস্যা সমাধানে নতুন করে বই ছাপানোর সিদ্ধান্ত নেয়ার আহ্বান

**নিজস্ব বার্তা পরিবেশক ঃ** জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড বই নিয়ে সৃষ্ট সমস্যার কিছুটা হলেও সমাধান করতে পারে, যদি প্রকাশনা, মুদ্রণ ও বিপণন সমিতিসমূহের সমন্বয় কমিটির সাথে আলোচনা করে নতুনভাবে বই ছাপানোর সিদ্ধান্ত নেয়। তা না হলে আগামী ২০০১ সালের মার্চের পরেও ছাত্রছাত্রীরা তাদের পাঠ্যপুস্তক হাতে পাবে না।

মঙ্গলবার বিকেলে রিপোর্টার্স ইউনিটিতে প্রকাশনা, মুদ্রণ ও বিপণন সমিতিসমূহের সমন্বয় কমিটি এক সংবাদ সম্মেলনে মো. আবু তাহের, রাব্বানী জব্বার, ওসমান গনি, নাজিমুর রহমান, আ ফ ম শাহ আলম, আবু ইসহাক প্রমুখ বক্তব্য রাখেন।

বক্তারা বলেন, এনসিটিবি বেক্সিমকো লিঃ-এর অঙ্গ প্রতিষ্ঠান 'পুস্তকা'র স্বার্থ সংরক্ষণ করতে যেয়ে লাখ লাখ ছাত্রছাত্রীর লেখাপড়ায় ব্যাঘাত সৃষ্টি করছে। এনটিসিবি প্রাথমিক দরপত্রের অনেক শর্ত ভঙ্গ করে পুস্তকা'র দরপত্র গ্রহণ করে অবৈধভাবে পুস্তকাকে পাঠ্যপুস্তক ছাপানোর দায়িত্ব দিয়েছে। শুধু তাই নয়, লেটার অফ ইন্টেট-এর শর্ত ভঙ্গ করে তিনবার পিজি জমা দেয়ার তারিখ পরিবর্তন করা হয়েছে।